গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**
রপ্তানি-৬ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নং-২৬.০০.০০০০.১০৫.৪৬.০০২.১৭-২৩৬ তারিখঃ ২০ নভেম্বর, ২০১৯

**বিষয়: Registered Exporter System (REX) বাস্তবায়ন গাইডলাইন, ২০১৯**

**সূত্র:** রপ্তানী উন্নয়ন ব্যুরোর ১৫/১১/২০১৮ তারিখের ২৬.০২.০০০০.০২০.২৩.৮৭.১৬/৫৫ নং স্বারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরো হতে প্রাপ্ত খসড়া Registered Exporter System (REX) বাস্তবায়ন গাইডলাইন, ২০১৯ পর্যালোচনান্তে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। অনুমোদিত গাইডলাইনটি এ সংগে প্রেরণ করা হল। উল্লেখ্য এ গাইডলাইনটি বাণিজ্য মন্ত্রণায়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**সংযুক্তি: REX গাইডলাইন ০৩ পাতা (৫ পৃষ্ঠা)**

সালেহীন তানভীর গাজী
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫২৭
Email:export6@mincom.gov.bd

ভাইস চেয়ারম্যান
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন
কারওয়ান বাজার, ঢাকা

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৬. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর-১৭, ব্লক: এইচ-১, উত্তরা, ঢাকা।
৭. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
৮. সভাপতি, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যনুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন অব বাংলাদেশ,বনানি, ঢাকা।
৯. সভাপতি, এক্সপোটার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ইএবি), ৪০৬-বি, খিলগাঁও, চৌধুরীপাড়া, ঢাকা-১২১৭।
১০. সভাপতি, বাংলাদেশ এগ্রো প্রসেসরস এসোসিয়েশন (বাপা),সোবহানবাগ ধানমন্ডি, ঢাকা- ১২০৭।
১১. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রিস (বাপি), ২১৪/ডি, বীর উত্তম মীর শওকত এভিনিউ, তেজগাঁও, গুলশান লিংকরোড, ঢাকা।
১২. সভাপতি, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস এন্ড এলাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন, মতিঝিল, ঢাকা।
১৩. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
১৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

-১০৮-

# Registered Exporter System (REX) বাস্তবায়ন গাইডলাইন, ২০১৯

১.০ প্রস্তাবনা:

যেহেতু রপ্তানি খাত দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে,

যেহেতু ইউরোপীয় ইউনিয়নে পণ্য রপ্তানিতে Everything But Arms (EBA) - এর আওতায় বাংলাদেশের রপ্তানিকারকগণের শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা অব্যাহত রাখা প্রয়োজন;

যেহেতু EU নির্ধারিত Rules of Origin (RoO) প্রতিপালন করে Generalized System of Preferences (GSP) সার্টিফিকেশন প্রক্রিয়ায় শুল্কমুক্ত প্রবেশাধিকার রক্ষা করা সম্ভব;

যেহেতু ইউরোপীয় ইউনিয়ন সার্টিফিকেশন প্রক্রিয়া সরলীকরণের জন্য EU Regulation:1063/2010 এবং Commission Implementing Regulation (EU) 2015/2447 গ্রহণ করেছে;

যেহেতু রপ্তানিকারকগণ নিজেরাই ইউরোপীয় ইউনিয়ন নির্দেশিত মতে Registered Exporters System (REX)-এর মাধ্যমে Rules of Origin (RoO) সার্টিফিকেট তথা Statement on Origin (SoO) ইস্যু করবেন; এবং

যেহেতু Statement on Origin ইস্যু প্রক্রিয়া সকল রপ্তানিকাকগণের নিকট সহজবোধ্য ও বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন;

সেহেতু সরকার এতদ্দারা নিম্নরূপ গাইডলাইন প্রণয়ন করল-

২.০ শিরোনাম ও প্রবর্তন:

এই গাইডলাইন Registered Exporter System (REX) বাস্তবায়ন গাইডলাইন-২০১৯ নামে অভিহিত হবে এবং তা জুন, ২০১৯ হইতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

৩.০ উদ্দেশ্য:

৩.১ বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি বাজার ইউরোপীয় ইউনিয়নসহ নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে রপ্তানি প্রসার ও প্রবৃদ্ধির গতিধারা অব্যাহত রাখা;

৩.২ Competent Authority-এর উপর অর্পিত দায়িত্ব সূচারুরূপে সম্পাদন;

৩.৩ যথাযথভাবে Rules of Origin প্রতিপালনপূর্বক রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক Statement on Origin ইস্যুর সুষ্ঠু প্রক্রিয়া নিশ্চিতকরণ।

৪.০ সংজ্ঞা:

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই গাইডলাইনে:

৪.১ Registered Exporter System (REX) বলিতে ইউরোপীয় ইউনিয়ন, সুইজারল্যান্ড, নরওয়ে ও তুরস্কে রপ্তানির লক্ষ্যে এ সকল দেশের ডাটাবেজে আবশ্যিক নিবন্ধন গ্রহণ করা বুঝাবে;

৪.২ Rules of Origin (RoO) বলিতে উল্লিখিত দেশসমূহ কর্তৃক বাংলাদেশকে প্রদত্ত শুল্কমুক্ত সুবিধা গ্রহণের ক্ষেত্রে পণ্যের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্ধারিত Stage গত পরিবর্তন/মূল্য সংযোজনের নূন্যতম পরিমানকে বুঝাবে;

৪.৩ Statement on Origin বলিতে রপ্তানিকারক কর্তৃক Rules of Origin (RoO) প্রতিপালনের ঘোষণাপত্র তথা Commercial Invoice-এর বিষয়ে Self declaration-কে বুঝাবে;

৪.৪ Competent Authority বলিতে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সেই কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানকে বুঝাবে যে কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান REX Registration Number প্রদান, Modification, মনিটর, নিয়ন্ত্রণ, EU কর্তৃপক্ষের System Administrator-কে প্রশাসনিক সহায়তা প্রদান এবং REX Number অপব্যবহারের ক্ষেত্রে Revocation and Annulment-এর জন্য বাংলাদেশ সরকারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত;

৪.৫ Traders Identification Number (TIN Number) বলিতে একটি Unique Number যা BD + রপ্তানিকারক প্রতিষ্ঠানের Tax Identification Number-কে বুঝাবে;

৪.৬ REX Registration Number বলিতে একটি Unique Number যা BD+REX+00000-কে বুঝাবে;

৪.৭ Revocation বলিতে রপ্তানিকারক কর্তৃক Rules of Origin (RoO) এর কোনো শর্ত ভঙ্গ বা অন্য কোনো কারণে নিয়ম বিরুদ্ধ কাজের ফলে REX Registration Number বাতিল করাকে বুঝাবে।

৫.০ বাস্তবায়ন কৌশল:

REX বাস্তবায়নে অনুসরণীয় বিষয়সমূহ নিম্নরূপ হবে-

৫.১ ইউরোপীয় ইউনিয়ন প্রবর্তিত REX এর বিধি-বিধান অনুসরণ করে REX বাস্তবায়ন;

৫.২ সরকারের পক্ষে বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় সংখ্যক Competent Authority নির্ধারণপূর্বক নিয়োগ প্রদান করতে পারবে এবং প্রাথমিকভাবে রপ্তানি উন্নয়ন ব্যুরো Competent Authority –এর সমুদয় দায়িত্ব পালন করবে;

৫.৩ Online -এ মনিটরিং ব্যবস্থা প্রবর্তন না হওয়া পর্যন্ত ম্যানুয়াল পদ্ধতিতে ঝুঁকি বিশ্লেষণ প্রক্রিয়া অনুসরণ করে মনিটরিং, নিয়ন্ত্রণ, Verification এবং System Administrator-কে প্রশাসনিক সহায়তা প্রদান;

৫.৪ শুধুমাত্র Rules of Origin প্রতিপালনে সক্ষম প্রতিষ্ঠানকে REX Registration Number প্রদান;

৫.৫ বিধি বর্হিভূতভাবে Statement on Origin ইস্যু করা হলে Competent Authority কর্তৃক অনুচ্ছেদ ৮-এর আলোকে ব্যবস্থা গ্রহণ;

৫.৬ REX System-এর বিভিন্ন বিষয়াবলী রপ্তানিকারকদের অবহিতকরণ;

৫.৭ একটি Consignment এর মূল্য ৬,০০০(ছয় হাজার) ইউরো / সমপরিমাণ হলে REX Registration Number প্রদান প্রযোজ্য হবে;

৫.৮ REX Registration Number গ্রহণকারী রপ্তানিকারক প্রতিষ্ঠান মনিটরিং, নিয়ন্ত্রণ ও verification সম্পাদনে Competent Authority-কে সকল ধরণের সহায়তা প্রদান করবে;

৬.০ **REX নম্বর প্রদান প্রক্রিয়াঃ**

৬.১ ইউরোপীয় ইউনিয়নে Rules of Origin (RoO) প্রতিপালনে সক্ষম রপ্তানিকারক প্রতিষ্ঠান REX Registration Number গ্রহণের জন্য বিবেচিত হবে;

৬.২ উপযুক্ত বা যোগ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানকে REX Registration Number গ্রহণের জন্য Competent Authority (যেমন: রপ্তানি উন্নয়ন ব্যুরো) বরাবর আবেদন করতে হবে;

৬.৩ আবেদনপত্রের সাথে নিম্ন-বর্ণিত ডকুমেন্ট দাখিল করতে হবেঃ

৬.৩.১ ইউরোপীয় ইউনিয়ন এর ওয়েবসাইট https://customs.ec.europa.eu/rex-pa-ui/- এ সংশ্লিস্ট Prescribed Form পূরণপূর্বক তার Printed hard copy-তে ০৫ এবং ০৬ নং কলামে মালিকের নিজ বা যথাযথ মনোনীত প্রতিনিধির স্বাক্ষরসহ জমা প্রদান;

৬.৩.২ EPB এর Enrollment Certificate;

৬.৩.৩ Wholly obtained product এবং Stage transformation/ HS Code Heading Change-এর ক্ষেত্রে শুধুমাত্র পূরণকৃত আবেদন ফরম;

৬.৩.৪ RoO অনুযায়ী Value addition criteria প্রতিপালন নিশ্চিতকরণে Cost Sheet, Bill of Export, Bill of Entry এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে Cash Memo;

৬.৩.৫ REX Registration Number গ্রহণে আবেদন ফরমে স্বাক্ষরকারী হিসেবে প্রতিষ্ঠানের মালিক ব্যতীত মনোনীত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরের ক্ষেত্রে Authorized Letter;

৬.৩.৬ আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত Tax Payer's Identification Number (TIN) সার্টিফিকেট।

৬.৪ আবেদন পত্রে Traders Identification Number হিসেবে BD + প্রতিষ্ঠানের Tax Payer's Identification Number (TIN) অবশ্যই ব্যবহার করতে হবে;

৬.৫ প্রতিটি Tax Payer's Identification Number (TIN)-এর বিপরীতে স্বতন্ত্র REX Registration Number গ্রহণ করতে হবে;

৬.৬ আবেদনপত্রে 4 digit level HS code heading উল্লেখ পূর্বক পণ্য / পণ্যসমূহের নাম ঘোষণা করতে হবে;

৬.৭ REX Registration Number প্রদানের পূর্বে প্রয়োজন দেখা দিলে সঠিক যাচাইয়ের জন্য Competent Authority সংশ্লিস্ট আবেদনকারীর পণ্য বা সেবার উৎপাদন প্রক্রিয়া **সরেজমিনে** পরিদর্শন করতে পারবে;

৬.৮ REX Registration Number-এর জন্য Fee প্রযোজ্য হবে না;

৭.০ মনিটরিং ও নিয়ন্ত্রণ ব্যবস্থাঃ

৭.১ Standard Random Sampling পদ্ধতিতে ঝুঁকি বিশ্লেষণ প্রক্রিয়া অনুসরণ করে সংশ্লিষ্ট দেশসমূহে রপ্তানিকৃত consignment-এর যথার্থতা যাচাই;

৭.২ প্রয়োজনে উৎপাদন ব্যবস্থাপনা পরিদর্শন ও Audit করে consignment-এর যথার্থতা পরীক্ষা;

-১০৬-

৭.৩ রপ্তানিকারক প্রতিটি consignment-এর রপ্তানি সংক্রান্ত তথ্যাদি প্রতি পাক্ষিকে অর্থাৎ ১৫ (পনেরো) দিন পরপর Shipping details (নির্দিষ্ট ফরমেটে) সফট/হার্ডকপি রপ্তানি উন্নয়ন ব্যুরো বরাবরে দাখিল করতে হবে;

৭.৪ Registered Exporter-এর যেকোনো ধরণের তথ্য পরিবর্তন / Modification-এর প্রয়োজন হলে তাৎক্ষণিকভাবে তা রপ্তানি উন্নয়ন ব্যুরো-কে লিখিতভাবে অবহিত করতে হবে;

৭.৫ REX Registration Number প্রাপ্তির জন্য দাখিলকৃত cost sheet (প্রযোজ্য ক্ষেত্রে) ০১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে;

৭.৬ Statement on Origin প্রতিস্থাপন (Replacement), অবিকল নকল (Duplicate) ইস্যু হলে রপ্তানি উন্নয়ন ব্যুরো-কে shipping details-এর মাধ্যমে অবহিত করতে হবে;

৭.৭ ইউরোপীয় ইউনিয়নের অনুসন্ধানের জবাব / verification প্রদানের সুবিধার্থে রপ্তানিকারক রপ্তানিকৃত সকল Consignment-এর ডকুমেন্ট EXP, Bill of Export / Bill of Entry (প্রযোজ্য ক্ষেত্রে), Transport document, Statement on Origin এর কপি ০৫ (পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

৭.৮ Online ব্যবস্থা প্রবর্তিত হলে Monitoring and Verification-এর জন্য রপ্তানিকারকের প্রতিটি Consignment-এর রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি /তথ্যাদি (SoO, EXP, Bill of Export/ Bill of Entry)-এর ভিত্তিতে ডাটা যাচাই প্রক্রিয়ায় মনিটরিং ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা;

৮.০ **REX Registration Number বাতিল (Revocation) এবং পুনরুজ্জীবিতকরণঃ**

৮.১ REX Registration Number বাতিলের জন্য রপ্তানিকারক নিজে আবেদন করলে;

৮.২ REX Registration Number গ্রহণকারী প্রতিষ্ঠান ০১ (এক) বছর operation-এ না থাকলে;

৮.৩ Rules of Origin প্রতিপালনে ব্যর্থ হলে;

৮.৪ রপ্তানি কার্যক্রমে কোনো ধরণের অসদুপায় অবলম্বন করলে বা বহির্বিশ্বে সামগ্রিকভাবে দেশের রপ্তানি খাতের ইমেজ প্রশ্নবিদ্ধ করতে পারে এমন কোনো কার্যকলাপের সুনির্দিস্ট কারণ দেখা দিলে;

৮.৫ উল্লেখিত বিষয়াবলীর আলোকে Competent Authority হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরো REX Registration বাতিল (Revocation) সহ প্রয়োজনে দেশের প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করবে।

----শেষ---